

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

নং- ৫৮.০১.০০০০.১০১.৪৫.০৫৭.১৮ - ২৪৭৫

তারিখঃ ০৭ শেখ, ১৪২৮ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর, ২০২১ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

জনাব রাবেয়া আক্তার পিতাঃ রিয়াজ উদ্দিন আহম্মদ, মাতাঃ মিনারা বেগম, সুপারিনটেনডেন্ট (পদস্থঃ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, বরিশাল-এ এবং সংযুক্তঃ বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, রংপুর)।

যেহেতু, ২৩/০১/২০২০ খ্রিঃ হতে অনুমোদনহীনভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং ডাকযোগে অসুস্থতার কারণে ০২ (দুই) মাসের অর্জিত ছুটির জন্য অসম্পূর্ণ আবেদন করা; প্রার্থীত অর্জিত ছুটির সময় অতিবাহিত হওয়ার পরও নির্ধারিত ২৩/০৩/২০২০ খ্রিঃ তারিখ কর্মস্থলে যোগদান না করে ১৪/০৬/২০২০ খ্রিঃ তারিখ কর্মস্থলে যোগদান করা এবং পুনরায় ৩০/০৬/২০২০ খ্রিঃ তারিখ হতে অনুমোদনহীনভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা; অনুপস্থিতির বিষয়ে কর্তৃপক্ষের সাথে কোন লিখিত বা টেলিফোনিক যোগাযোগ না করা; এসব অসদাচরণের অভিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা ০১/২০২১ দায়ের করতঃ অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, তিনি বিভাগীয় মামলার আওতায় প্রেরিত অভিযোগনামার জবাব প্রদান করেছেন; তদপ্রেক্ষিতে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য তদন্ত কমিটি নিয়োগ করা হয়; উক্ত কমিটি ০৭/০৭/২০২১ খ্রিঃ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখ করেছেন;

যেহেতু, প্রাপ্ত তদন্ত প্রতিবেদন অনুযায়ী জনাব রাবেয়া আক্তার, সুপারিনটেনডেন্ট এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায়, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এবং ৩ (গ) অনুযায়ী “পলায়ন (Desertion)” এর অভিযোগে একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি অনুযায়ী তাকে কেন সরকারী “চাকরি হতে বরখাস্ত” করা হবে না সে মর্মে ১৭/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৫৮.০১.০০০০.১০১.৪৫.০৫৭.১৮-১৫৯৮ স্মারকমূলে উক্ত বিধিমালার ৭(৯) বিধি অনুসারে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, সুপারিনটেনডেন্ট জনাব রাবেয়া আক্তার কর্তৃক প্রদত্ত দ্বিতীয় কারণ দর্শানোর জবাব গ্রহণযোগ্য নয়,

সেহেতু, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) অনুযায়ী “অসদাচরণ” এবং ৩ (গ) অনুযায়ী “পলায়ন (Desertion)” এর অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক জনাব রাবেয়া আক্তার, সুপারিনটেনডেন্ট- কে “চাকরি হতে বরখাস্ত” করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মেজর জেনারেল মোহাম্মদ আইয়ুব চৌধুরী, এসজিপি, পিবিজিএমএস, এনডিসি, পিএসসি)
মহাপরিচালক

অনুলিপি (সদয় জ্ঞতার্থে ও কার্যার্থে)ঃ

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, ভবন নির্মাণ প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক, (প্রশাসন ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)/(পার্সোনালাইজেশন সেন্টার), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, ডাটা সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অত্র অফিস আদেশটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। পরিচালক/উপপরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস.....।

- ৭। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়,
- ৯। উপপরিচালক, (প্রশাসন)/(সংস্থাপন)/(পাসপোর্ট)/(ভিসা)/(অর্থ ও নিরীক্ষা)/(ডাটা সেন্টার)/(পার্সোনাল ইজেশন সেন্টার)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(প্রশিক্ষণ ও কর্মসম্পাদন)/(সিআরআই), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১০। উপপরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস,
- ১১। উপপরিচালক, ভিসা সেল, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১২। সহকারী পরিচালক, (প্রশাসন)/(সংস্থাপন)/(পাসপোর্ট)/(ভিসা)/(ডাটা সেন্টার)/(প্রশিক্ষণ), (পরিকল্পনা ও উন্নয়ন)/(এফসি)/(সিআরআই)/(ডেমো), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৩। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১৪। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা
- ১৫। জনাব রাবেয়া আক্তার, পিতাঃ রিয়াজ উদ্দিন আহমদ, গ্রামঃ পীরপুর, ডাকঘরঃ চালাকচর, থানাঃ মনোহরদী, জেলাঃ নরসিংদী।
- ১৬। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ)/(পাসপোর্ট ও ভিসা), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।